



**বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ (উইন্টার-২০২৪) শিক্ষাবর্ষে EMBA শ্রেণিতে ভর্তির নোটিস**  
বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ (উইন্টার-২০২৪) শিক্ষাবর্ষে EMBA শ্রেণিতে যারা ভর্তির জন্য মনোনীত হয়েছেন তাদেরকে আগামী ১৯/১১/২০২৪ থেকে ২৪/১১/২০২৪ (অফিস চলাকালীন, সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত) তারিখের মধ্যে নিম্নের নির্দেশনা অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**প্রয়োজনীয় নির্দেশনা:**

- ১) ভর্তির জন্য শিক্ষার্থী প্রথমে তার ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র দেখিয়ে তার বরাদ্দকৃত বিভাগীয় অফিস থেকে ভর্তি ফরম ও পে-প্রিপ সংগ্রহ করবেন। উক্ত ভর্তি ফরম ও পে-প্রিপ যথাযথভাবে পূরণ করে এসএসসি, এইচএসসি ও স্নাতক (সম্মান) অথবা সমমান পরীক্ষার ট্রান্সক্রিপ্টের ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ ফরমের যথাস্থানে এক কপি সাম্প্রতিক তোলা রঙিন ছবি লাগিয়ে এবং আরেক কপি রঙিন ছবি স্ট্যাম্পলারের মাধ্যমে সংযুক্ত করে ভর্তি ফরম ও পে-প্রিপ সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে জমা দিবেন।
- ২) বিভাগ কর্তৃক কাগজপত্র নিরীক্ষা শেষে আবেদনপত্র ও পে-প্রিপ বিভাগ থেকে নিয়ে ব্যাংকে ভর্তি ফি জমা দিয়ে ভর্তিকার্য সম্পন্ন করতে হবে।
- ৩) ভর্তি ফি (ব্যবসায় শিক্ষায় স্নাতক/ সমমান সম্পন্নকারীদের জন্য) ১৭,৫০০/- (সতেরো হাজার পাঁচশত) টাকা এবং (ব্যবসায় শিক্ষা ব্যতিত অন্যান্য শাখায় স্নাতক/ সমমান সম্পন্নকারীদের জন্য) ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত) টাকা সোনালী ব্যাংক বরিশাল বিশ্ববিদ্যালয় শাখায় বিভাগের নির্দিষ্ট হিসাবে জমা প্রদান করতে হবে।
- ৪) যে সকল শিক্ষার্থী উল্লিখিত তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে তারা ২৫/১১/২০২৪ থেকে ২৬/১১/২০২৪ তারিখের মধ্যে স্বশরীরে অথবা অনলাইনে আন্তঃবিভাগীয় মাইগ্রেশনের আবেদন করতে পারবেন।
- ৫) প্রথম বন্টন তালিকা অনুযায়ী যে সকল শিক্ষার্থী তার বন্টিত বিভাগে ভর্তি হবে না তারা পরবর্তীতে ২৭/১১/২০২৪ থেকে ২৮/১১/২০২৪ তারিখের মধ্যে তার পছন্দ অনুযায়ী বিভাগে শূন্য আসন থাকা সাপেক্ষে ভর্তি হতে পারবেন।

বি. দ্র. ২০২৪-২৫ (উইন্টার-২০২৪) শিক্ষাবর্ষের ক্লাস কার্যক্রম ২৯ নভেম্বর ২০২৪ তারিখে শুরু হবে।

*Dulal Begam*  
18.11.24

(মোসাঃ দুলাসাদ বেগম বীথি)  
উপ-রেজিস্ট্রার  
বিজনেস স্টাডিজ অনুষদ  
বরিশাল বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, অনুষদীয় সকল বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য মহোদয়ের কার্যালয়ের, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। নথি/মহানথি।